এছাড়াও এই গাইডটি অডিও ফরম্যাটে এবং নিচের ভাষাগুলিতে পাওয়া যায়।

**ARABIC**
للحصول على نسخة من هذا الدليل باللغة الانجليزية أتصل بالرقم 311 (معوقي السمع: 212-504-4115)
أو قم بزيارة NYC.gov/readyny

**BENGALI**
এই সহায়িকার একটি বাংলা প্রতিলিপি পেতে হলে, 311 (TTY: 212-504-4115) নম্বরে ফোন করুন অথবা NYC.gov/readyny দেখুন।

**CHINESE**
如欲索取中文版的指南，請致電 311 (TTY: 212-504-4115) 或訪問 NYC.gov/readyny。

**ENGLISH**
Call 311 or visit NYC.gov/readyny for copies of this guide in English.

**FRENCH**
Pour obtenir une copie en français de ce guide, appelez le 311 (TTY: 212-504-4115) ou visitez le site NYC.gov/readyny.

**HAITIAN CREOLE**
Pou jwenn yon kopi gid sa a nan lang Kreyòl Ayisyen, rele 311 (TTY: 212-504-4115) oswa ale nan sitwèb NYC.gov/readyny.

**ITALIAN**
Per ottenere una copia di questa guida in italiano, telefonare al numero 311 (TTY: 212-504-4115) o visitare il sito NYC.gov/readyny.

**KOREAN**
본 안내서의 한국어 사본을 받으시려면, 311(TTY: 212-504-4115)번으로 전화하시거나 NYC.gov/readyny를 방문하십시오.

**POLISH**
W celu otrzymania polskiej kopii niniejszego przewodnika, należy zadzwonić pod nr 311 (nr dla osób z upośledzeniem słuchu: 212-504-4115) lub zajrzeć na stronę internetową NYC.gov/readyny.

**RUSSIAN**
Для того чтобы получить копии данной брошюры на русском языке, позвоните по телефону 311 (TTY: 212-504-4115) или посетите веб-сайт NYC.gov/readyny.

**SPANISH**
Llame al 311 (TTY: 212-504-4115) o visite NYC.gov/readyny para obtener acceso a este folleto en español.

**URDU**
اس ہدایت نامے کی انگریزی کاپی حاصل کریں، 311 (TTY: 212-504-4115) پر کال کریں یا
NYC.gov/readyny دیکھیں۔

**YIDDISH**
צו ערהאלטן א אידישע קאפיע פון אנווייזונג בלעטל, רופט 311 (TTY: 212-504-4115) אדער
באזוכט NYC.gov/readyny.

2023 Edition Bengali

# নিউ ইয়র্ক সিটি

# হারিকেন ইভ্যাকুয়েশন জোনের মানচিত্র



NYC Emergency Management

APPROVED Ready U.S. Department of Homeland Security

# আপনার জোন কোনটি তা জানুন

উপকূলীয় ঝড়সমূহ, যেমন নর'ইস্টার, গ্রীষ্মমণ্ডলীয় ঝড় এবং ঘূর্ণিঝড় নিউ ইয়র্ক সিটিকে প্রভাবিত করতে পারে এবং প্রভাবিত করে থাকে। নিউ ইয়র্কবাসীদের জন্য প্রস্তুতি গ্রহণ করতে সময় ব্যয় করা গুরুত্বপূর্ণ। সব অধিবাসীর ঝড়ের সময়ে নিরাপদ জায়গায় সরে যাওয়া অথবা বাড়িতে থেকে ঝড় মোকাবেলার জন্য একটি পরিকল্পনা থাকা উচিত।

সিটির যেসব এলাকা ঝড়ো ঢেউয়ের কারণে সৃষ্ট বন্যার ঝুঁকিতে রয়েছে সেসব স্থান থেকে নিরাপদ স্থানে সরে যাওয়ার প্রয়োজন হওয়ার সম্ভাবনার উপর ভিত্তি করে সেগুলিকে ছয়টি ইভ্যাকুয়েশন জোনে (1 থেকে 6) বিভক্ত করা হয়েছে। আপনার পরিকল্পনায় আপনার ইভ্যাকুয়েশন জোন জেনে রাখার বিষয়টি অন্তর্ভুক্ত করতে ভুলবেন না।

- যদি আপনি সিটির হারিকেন ইভ্যাকুয়েশন জোনগুলির কোনোটির মধ্যে বসবাস করেন, তাহলে নিউ ইয়র্ক সিটি কোনো হারিকেনের হুমকির মুখে পড়লে আপনাকে বাড়ি ছেড়ে নিরাপদ আশ্রয়ে যাওয়ার জন্য নির্দেশ দেয়া হতে পারে। আপনার এলাকার জন্য ইভ্যাকুয়েশন অর্ডার জারি করা হলে আপনি কোথায় যাবেন সে সম্পর্কে একটি পরিকল্পনা তৈরি করে রাখুন।
- হারিকেনের গতিপথ এবং ঝড়ের দ্বারা সৃষ্ট ঢেউয়ের সম্ভাব্য উচ্চতার উপর ভিত্তি করে সিটি বাসিন্দাদেরকে বাড়ি ছেড়ে নিরাপদ আশ্রয়ে চলে যাওয়ার জন্য নির্দেশ দিতে পারে।
- আপনি কোনো ইভ্যাকুয়েশন জোনে বসবাস করেন কিনা তা জানতে **NYC.GOV/KNOWYOURZONE** ঠিকানায় হারিকেন ইভ্যাকুয়েশন জোন ফাইন্ডার ব্যবহার করুন, **311 (ভিডিও রিলে সার্ভিসের জন্য 212-639-9675, অথবা TTY: 212-504-4115) নম্বরে ফোন করুন**, অথবা সংযুক্ত মানচিত্রটি ব্যবহার করুন।

**ইমেইল, ফোন, SMS/টেক্সট, বা টুইটারের মাধ্যমে জরুরি বিজ্ঞপ্তি ও হালনাগাদ তথ্য পাওয়ার জন্য NOTIFY NYC-এর সাথে সাইন-আপ করুন।**

- ইংরেজি, আরবি, বাংলা, চীনা, ফ্রেঞ্চ, হাইতিয়ান ক্রেওল, ইতালিয়ান, কোরিয়ান, পোলিশ, রাশিয়ান, স্প্যানিশ, উর্দু, ইদ্দিশ, এবং আমেরিকান সাইন ল্যাঙ্গুয়েজ (ASL)-এ মেসেজ পাওয়া যাবে।
- বিনামূল্যের মোবাইল অ্যাপটি ডাউনলোড করুন।
- **NYC.GOV/NOTIFYNYC ঠিকানায় যান, 311 নম্বরে ফোন করুন,** অথবা টুইটারে **@NotifyNYC**-কে অনুসরণ করুন।

# যে পরিভাষাগুলি আপনার জেনে রাখা উচিত

**আটলান্টিক ঘূর্ণিঝড়ের মৌসুম**
1 জুন থেকে 30 নভেম্বর পর্যন্ত।

নিউ ইয়র্ক সিটিতে ঘূর্ণিঝড় আঘাত হানার সবচেয়ে বেশি সম্ভাবনা থাকে অগাস্ট থেকে অক্টোবরের মধ্যে।

**ইভ্যাকুয়েশন জোন**
সিটির দিকে ধেয়ে আসা ঝড়ের প্রকৃত অবস্থা বিবেচনা করে ছয়টি ইভ্যাকুয়েশন জোনের কোনগুলি থেকে নিরাপদ আশ্রয়ে সরে যেতে হবে সে ব্যাপারে সিটি সিদ্ধান্ত গ্রহণ করবে।

**ফ্লাড জোন**
বন্যার জন্য বিমার হার ও ভবন সংক্রান্ত নীতিমালা তৈরির জন্য ফ্লাড জোনগুলি ব্যবহার করা হয়। উপকূলীয় ঝড়ের সময় নিরাপদ আশ্রয়ে সরে যাওয়ার প্রয়োজনীয়তা নির্ধারণের জন্য অধিবাসীদের ফ্লাড জোনগুলি ব্যবহার করা উচিত নয়।

**ঘূর্ণিঝড়**
মেঘ ও বজ্র-ঝড়ের সুসংগঠিত, ঘূর্ণায়মান, নিম্ন-চাপযুক্ত আবহাওয়ার অবস্থা যা ঘণ্টায় 74 মাইল বা তার চেয়ে বেশি গতিবেগের ঝড়ো হাওয়া সহ গ্রীষ্মমণ্ডলে তৈরি হয়।

ঘূর্ণিঝড়ের বাতাসের একটানা গতিবেগের উপর ভিত্তি করে ঘূর্ণিঝড়গুলিকে 1 থেকে 5 পর্যন্ত শ্রেণিতে বিভক্ত করা হয়েছে। ঝড়ের বাতাসের গতি ও তীব্রতা বাড়ার সাথে সাথে, শ্রেণির নম্বরও বাড়তে থাকে।

**ঘূর্ণিঝড় পর্যবেক্ষণ**
কোনো নির্দিষ্ট এলাকায় ঘূর্ণিঝড়ের মত অবস্থা দেখা দেয়ার সম্ভাবনা রয়েছে এমন একটি ঘোষণা।

গ্রীষ্মমণ্ডলীয় ঝড়ের শক্তিসম্পন্ন বাতাস দেখা দেয়ার সম্ভাব্য সময়ের 48 ঘণ্টা আগে পর্যবেক্ষণ জারি করা হয়।

**ঘূর্ণিঝড়ের সতর্কবার্তা**
কোনো নির্দিষ্ট এলাকায় ঘূর্ণিঝড়ের মত অবস্থা দেখা দেয়ার আশংকা রয়েছে এমন একটি ঘোষণা।

গ্রীষ্মমণ্ডলীয় ঝড়ের শক্তিসম্পন্ন বাতাস দেখা দেয়ার সম্ভাব্য সময়ের 36 ঘণ্টা আগে এই সতর্কবার্তা জারি করা হয় এবং বিপজ্জনক উচ্চতাবিশিষ্ট পানি ও ঢেউ অব্যাহত থাকলে এই সতর্কবার্তা কার্যকর থাকতে পারে।



# যদি আপনাকে নিরাপদ জায়গায় সরে যেতেই হয়

**যদি আপনি কোনো ইভ্যাকুয়েশন জোনের মধ্যে বসবাস করেন এবং সিটি আপনার এলাকার জন্য নিরাপদ আশ্রয়ে সরে যাওয়ার আদেশ জারি করে থাকে, তাহলে নির্দেশনা অনুযায়ী নিরাপদ আশ্রয়ে সরে যান**

সিটির কোন এলাকাগুলো থেকে নিরাপদ জায়গায় চলে যেতে হবে সেই বিষয়ে সিটি সুনির্দিষ্ট নির্দেশনা প্রদান করবে। বাধ্যতামূলকভাবে নিরাপদ জায়গায় সরে যাওয়ার নির্দেশ জারি করা হলে, নির্দেশনা অনুযায়ী নিরাপদ আশ্রয়ে সরে যান। ঝড়ের কয়েক ঘণ্টা আগে গণপরিবহন বন্ধ করে দেয়া হতে পারে তা মনে রেখে, সম্ভব হলে গণপরিবহন ব্যবহার করুন।

পরিবহনের লভ্য অপশনগুলি সহ কিভাবে নিরাপদ জায়গায় সরে যেতে হবে সে সম্পর্কে বাড়তি তথ্যের জন্য, **অনুগ্রহ করে 311 (ভিডিও রিলে সার্ভিসের জন্য 212-639-9675, অথবা TTY: 212-504-4115) নম্বরে ফোন করুন।**

**আপনি কোথায় যাবেন তা জেনে রাখুন**


বাড়ি ছেড়ে চলে আসা ব্যক্তিদেরকে ইভ্যাকুয়েশন জোনের বাইরে কোথাও বসবাসরত বন্ধু-বান্ধব এবং পরিবারের সদস্যদের সাথে থাকার জন্য সিটি জোরালোভাবে সুপারিশ করে। যাদের আর কোনো আশ্রয়ের জায়গা নেই, তাদের জন্য সিটি পাঁচটি বরোতে ইভ্যাকুয়েশন সেন্টার খুলবে।

বয়স্ক ব্যক্তি, প্রতিবন্ধী ব্যক্তি, চলাফেরা ও দৈনন্দিন জীবন যাপনের জন্য সাহায্য প্রয়োজন হয় এমন ব্যক্তি, শিশু, ইংরেজি ভাষায় কথা বলেন না এমন ব্যক্তি, এবং পোষা প্রাণী ও সার্ভিস এনিমেল, সহ সবার প্রয়োজনের জন্য এখনই পরিকল্পনা করে রাখুন। আপনার জোন সম্পর্কে জানুন এবং পরিবারের সদস্যদের সবাইকে নিয়ে আপনার পরিকল্পনা অনুযায়ী অনুশীলন করুন।

**যদি আপনি কোনো ইভ্যাকুয়েশন সেন্টারে যান, তাহলে কম জিনিসপত্র সাথে নিন, এবং নিচের জিনিসগুলি সঙ্গে আনুন**

- ☐ পরিবারের প্রত্যেক সদস্যের জন্য একটি গো ব্যাগ (আইটেমগুলোর একটি সম্পূর্ণ তালিকা NY আমার জরুরি পরিকল্পনা প্রস্তুতি (Ready NY My Emergency Plan)-তে পাওয়া যাবে)।
- ☐ যেকোনো ওষুধের কমপক্ষে এক সপ্তাহের সাপ্লাই (সম্ভব হলে)।
- ☐ আপনি নিয়মিতভাবে ব্যবহার করেন এমন মেডিকেল সাপ্লাই, বা মেডিকেল সরঞ্জাম।
- ☐ প্রত্যেক ব্যক্তির জন্য স্লিপিং ব্যাগ।
- ☐ যেকোনো ইভ্যাকুয়েশন সেন্টারে বাড়ি-ঘর ছেড়ে আসা সব ব্যক্তিকেই গ্রহণ করা হবে। বাড়ি-ঘর ছেড়ে আসা ব্যক্তিদের অভিবাসনগত অবস্থা সম্পর্কে কোনো প্রশ্ন জিজ্ঞেস করা হবে না।

# আপনার জোন কোনটি তা জানুন




আপনি কোন হারিকেন ইভ্যাকুয়েশন জোনে বসবাস করছেন তা জানতে, https://maps.nyc.gov/hurricane/ ঠিকানায় হারিকেন ইভ্যাকুয়েশন জোন ফাইন্ডার-এ যান অথবা 311 (ভিডিও রিলে সার্ভিসের জন্য 212-639-9675, অথবা TTY: 212-504-4115) নম্বরে ফোন করুন।

# যদি আপনাকে নিরাপদ জায়গায় সরে যাওয়ার নির্দেশ দেয়া না হয়

**যদি আপনি এই মানচিত্রে তালিকাভুক্ত ছয়টি ইভ্যাকুয়েশন জোনের কোনো একটিতে বসবাস না করেন, তারপরও ঝড়ো হাওয়া এবং বৃষ্টিপাতের কারণে আপনি ঝুঁকিতে থাকতে পারেন।**

### বিদ্যুৎ সরবরাহ বিচ্ছিন্ন হয়ে যাওয়ার প্রস্তুতি নিয়ে রাখুন

বিদ্যুৎ সরবরাহ অথবা অন্যান্য মৌলিক পরিষেবা বিচ্ছিন্ন হয়ে গেলে ব্যবহারের জন্য আপনার জরুরি সরবরাহ কিটে সুপারিশকৃত সব আইটেম রয়েছে সেই বিষয়ে নিশ্চিত হয়ে নিন।

### বর্তমান অবস্থানের জায়গায় আশ্রয় গ্রহণ

যদি আপনার বাড়ি ছেড়ে যাওয়ার প্রয়োজন না হয়, তাহলে বর্তমান অবস্থানের জায়গাতেই আশ্রয় নিন এবং আপনার জরুরি সরবরাহ কিট ব্যবহার করুন। জানালা থেকে দূরে থাকুন।

# যদি ঝড় এগিয়ে আসতে থাকে

**প্রস্তুতি নেয়ার জন্য সব অধিবাসীর উচিত নিম্নলিখিত পদক্ষেপগুলি গ্রহণ করা:**

- আলগা, হালকা জিনিসপত্র, যেমন লনের আসবাবপত্র ও আবর্জনার পাত্রগুলি বাসার ভেতরে নিয়ে আসুন।
- যে জিনিসগুলি ভেতরে নিয়ে আসা নিরাপদ হবে না সেগুলি শক্ত করে বেঁধে রাখুন, যেমন গ্যাস গ্রিল বা প্রোপেন ট্যাংক।
- জানালা ও বাইরের দিকের দরজাগুলি সুরক্ষিতভাবে বন্ধ করুন।
- মূল্যবান জিনিসপত্র বেসমেন্ট থেকে উপরের দিকের ফ্লোরগুলোতে নিয়ে যান। (বেসমেন্টে বন্যা হওয়ার সম্ভাবনা রয়েছে।)
- সেল ফোনের ব্যাটারিগুলিতে চার্জ দিয়ে রাখুন।
- আপনার গাড়িতে ও জেনারেটরে জ্বালানী ভরে রাখুন।
- যদি আপনি কোনো ইভ্যাকুয়েশন জোনে বসবাস করেন, তাহলে আপনার গাড়ি উঁচু জায়গায় সরিয়ে ফেলার বিষয়টি বিবেচনা করুন।
- আপনার রেফ্রিজারেটর ও ফ্রিজারের সেটিংস আরো ঠাণ্ডায় দিয়ে রাখুন। যদি আপনার বিদ্যুৎ চলে যায়, তাহলে ঠাণ্ডা রাখা দরকার এমন জিনিসগুলি দীর্ঘ সময় ধরে ঠাণ্ডা থাকবে।
- আপনার বাথটাব ও অন্যান্য বড় কন্টেইনারগুলি পানি দিয়ে ভর্তি করে রাখুন – বিদ্যুৎ চলে গেলে আপনার পানি সরবরাহ বন্ধ হয়ে যেতে পারে।
- প্রেসক্রিপশনের ওষুধপত্র রিফিল করার জন্য শেষ মুহূর্ত পর্যন্ত অপেক্ষা করবেন না।
- ছোট নোট সহ, বাড়তি নগদ টাকা সাথে রাখুন।

# যথাযথ বিমা নিন

**আপনি ভাড়া থাকেন বা নিজেই বাড়ির মালিক হন, বেসিক পলিসিগুলোতে বন্যা ও বাতাসের ক্ষতি কভার করা হয় না।**

- বন্যা সংক্রান্ত বিমা সম্পর্কে আরো তথ্যের জন্য ভিজিট করুন এই ঠিকানায়: **https://www.floodsmart.gov**
- ফ্লাড জোনগুলি সম্পর্কে আরো তথ্যের জন্য ভিজিট করুন এই ঠিকানায়: **NYC.GOV/FLOODMAPS অথবা www.floodhelpny.org**

### বাড়ির মালিক

অধিকাংশ বাড়ির মালিকের বিমায় বন্যার ক্ষয়ক্ষতি কভার করা হয় না।

- বন্যার কারণে বাড়ির ক্ষয়ক্ষতি থেকে সুরক্ষার জন্য বাড়ির মালিকদের একটি পৃথক পলিসি ক্রয় করতে হয়।
- কিছু বাড়ির মালিকের জন্য বন্যা সংক্রান্ত বিমা গ্রহণ করা বাধ্যতামূলক।

### ভাড়াটিয়া

আপনার বাড়ির মালিকের বন্যা সংক্রান্ত বিমায় ভবনটি কভার করবে, কিন্তু ভাড়াটিয়ার অ্যাপার্টমেন্টের জিনিসগুলি কভার করবে না এমন সম্ভাবনা রয়েছে।

- জাতীয় বন্যা সংক্রান্ত বিমা কর্মসূচি ভাড়াটিয়াদেরকে তাদের অ্যাপার্টমেন্টের ভেতরে থাকা জিনিসগুলি সুরক্ষিত রাখতে সাহায্য করার জন্য শুধুমাত্র জিনিসপত্রের জন্য বন্যা সংক্রান্ত বিমা অফার করে থাকে।

# প্রতিবন্ধী ও যাদের চলাফেরা ও দৈনন্দিন জীবন যাপনের জন্য সাহায্য প্রয়োজন তাদের জন্য

সরে যাওয়ার, আপনার ভবনে এলিভেটর ব্যবহারের, অবস্থানের জায়গায় আশ্রয় নেয়ার, বা জরুরি পরিষেবা কর্মীদের সাথে যোগাযোগ করার ক্ষেত্রে আপনার চাহিদাগুলো যেভাবে আপনাকে প্রভাবিত করতে পারে তা মোকাবেলার ব্যবস্থা যাতে আপনার পরিকল্পনায় থাকে তা নিশ্চিত করুন।

- আপনার সাহায্যের প্রয়োজন হলে আপনার পরিবার, বন্ধু-বান্ধব, ভবনের কর্মী, বা পরিষেবা প্রদানকারীদের কাছ থেকে সাহায্য নেয়ার জন্য আপনার জরুরি সহায়তা নেটওয়ার্ক ব্যবহার করুন।
- ঝড়ের আগে যদি আপনি নিজে নিজে বাড়ি থেকে সরে যেতে অক্ষম হন, **তাহলে সহায়তার জন্য 311 নম্বরে ফোন বা টেক্সট করুন**।
- জীবন-রক্ষাকারী সরঞ্জামের জন্য যদি আপনার বিদ্যুতের প্রয়োজন হয়, তাহলে বাড়ি ছেড়ে নিরাপদ আশ্রয়ে যাওয়ার পরিকল্পনা করুন। আপনার মেডিকেল সরঞ্জামের কারণে আপনি জীবন-রক্ষাকারী সরঞ্জামের গ্রাহক হিসেবে তালিকাভুক্ত হওয়ার যোগ্য কিনা সে সম্পর্কে আপনার ইউটিলিটি কোম্পানিকে জিজ্ঞাসা করুন।
- ভ্রমণের জন্য বাড়তি সময় হাতে রাখুন এবং আপনার পরিবহন, খাওয়া-দাওয়া ও চিকিৎসাগত চাহিদার বিষয়গুলো বিবেচনা করুন।
- আপনার সব ওষুধ সাথে করে নিয়ে আসবেন, এবং আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীদের সাথে যোগাযোগের তথ্য লিখে রাখুন। ইভ্যাকুয়েশন সেন্টারগুলিতে প্রতিবন্ধী এবং যাদের চলাফেরা ও দৈনন্দিন জীবন যাপনের জন্য সাহায্য প্রয়োজন হয় তাদের জন্য প্রয়োজনীয় সুযোগ-সুবিধা ও থাকার ব্যবস্থা থাকবে। কোনো নির্দিষ্ট ফ্যাসিলিটিতে অ্যাক্সেসযোগ্যতার বৈশিষ্ট্যগুলি সম্পর্কে তথ্য পেতে, **NYC.GOV/KNOWYOURZONE ঠিকানায় হারিকেন ইভ্যাকুয়েশন জোন ফাইন্ডার দেখুন অথবা 311 নম্বরে যোগাযোগ করুন।**

# ঝুঁকিগুলি সম্পর্কে জানুন

## ঝোড়ো ঢেউয়ের কারণে সৃষ্ট বন্যা

ঝোড়ো ঢেউ হলো সমুদ্রের পানির একটি বিশাল উঁচু ঢেউ যাকে আসন্ন ঘূর্ণিঝড়ের ঝোড়ো হাওয়া ঠেলে পাড়ে নিয়ে আসে।

- ঝোড়ো ঢেউ ঘূর্ণিঝড়ের সময়ে সবচেয়ে বেশি ক্ষয়ক্ষতির জন্য দায়ী।
- একটি বড় ধরনের ঘূর্ণিঝড় নিউ ইয়র্ক সিটির উপকূলে 30 ফুটের চেয়েও বেশি উঁচু ঢেউ (তিন তলা ভবনের সমান উঁচু) নিয়ে আসতে পারে এবং ঝোড়ো ঢেউয়ের কারণে সৃষ্ট বন্যা ভূখণ্ডের ভেতরে কয়েক মাইল পর্যন্ত চলে আসতে পারে।
- ঝোড়ো ঢেউয়ের কারণে সৃষ্ট বন্যা এবং বার বার আঘাত হানা বড় বড় ঢেউগুলি জীবনকে বিপন্ন করতে পারে, ভবনগুলি ধ্বংস করতে পারে, সমুদ্র সৈকত ও বালিয়াড়িগুলিকে ক্ষয় করতে পারে, এবং রাস্তা ও সেতুর ক্ষতি করতে পারে।

## বৃষ্টি

ঘূর্ণিঝড়ের কারণে হওয়া ভারী বর্ষণের ফলে হঠাৎ বন্যা দেখা দিতে পারে। নিচু ও পানি নামার সুব্যবস্থা নেই এমন এলাকাগুলিতে বন্যা হওয়ার সম্ভাবনা সবচেয়ে বেশি থাকে।

## বাতাস

ঘণ্টায় 74 মাইল বা তারচেয়ে বেশি বেগের একটানা বাতাস সহ, ঘূর্ণিঝড় ঘর-বাড়িকে ক্ষতিগ্রস্ত করতে পারে, গাছপালা উপড়ে ফেলতে পারে, এবং আলগা জিনিসপত্রকে মারাত্মক ক্ষেপণাস্ত্রে পরিণত করতে পারে।

## বেসমেন্ট অ্যাপার্টমেন্ট

- ঘূর্ণিঝড়ের কারণে বেসমেন্টের বাসিন্দারা বাড়তি ঝুঁকির সম্মুখীন হতে পারেন, এমনকি তারা ইভ্যাকুয়েশন জোনের বাইরে বসবাস করলেও। সিটির অনেক এলাকায় ঘূর্ণিঝড়ের সময়ে উল্লেখযোগ্য পরিমাণে বৃষ্টির কারণে বন্যা দেখা দিতে পারে, যা বেসমেন্ট অ্যাপার্টমেন্টগুলিতে বসবাসকারী মানুষদের জন্য উল্লেখযোগ্য বিপদের কারণ হতে পারে।
- যদি আপনি কোনো বেসমেন্ট অ্যাপার্টমেন্টে বসবাস করেন, তাহলে ঝড়ের সব সতর্কবার্তা মেনে চলুন, এবং আপনার জরুরি পরিকল্পনার মধ্যে আপনি মাটির উপরের কোনো স্থানে কিভাবে আশ্রয় গ্রহণ করবেন সে বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে তা নিশ্চিত করুন।
- যদি আপনি কোনো ইভ্যাকুয়েশন জোনে কোনো বেসমেন্টে বসবাস করেন, তাহলে ঝড়ের সব সতর্কবার্তা এবং নিরাপদ জায়গায় সরে যাওয়ার আদেশ মেনে চলুন।

## উঁচু ভবন

- ঘূর্ণিঝড়ের কারণে উঁচু ভবনের বাসিন্দারা বাড়তি ঝুঁকির সম্মুখীন হতে পারেন, এমনকি তারা ইভ্যাকুয়েশন জোনের বাইরে বসবাস করলেও।
- যদি আপনি কোনো উঁচু ভবনে বসবাস করেন, তাহলে অনুগ্রহ নিশ্চিত করুন যে আপনার জানালাগুলি বন্ধ আছে, এবং সেগুলি থেকে দূরে থাকুন কারণ সেগুলি ভেঙ্গে যাওয়া বা চূর্ণবিচূর্ণ হয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে।
- যদি আপনি কোনো ইভ্যাকুয়েশন জোনে অবস্থিত কোনো উঁচু ভবনে বাস করেন, তাহলে ঝড়ের সব সতর্কবার্তা এবং নিরাপদ জায়গায় সরে যাওয়ার আদেশ মেনে চলুন।

# নিউ ইয়র্ক সিটিতে হারিকেন ইভ্যাকুয়েশন জোন

## NYC-এর ইভ্যাকুয়েশন সেন্টারসমূহ: ম্যাপে আপনার নিকটবর্তী সেন্টারটি খুঁজে নিন

### BRONX

| | | |
|---|---|---|
| **PS 20 P.O. GEORGE J. WERDAN III**<br>3050 WEBSTER AVENUE | **THEATRE ARTS/ PATRI MS**<br>2225 WEBSTER AVE. | **MORRIS HEIGHTS EDUCATIONAL COMPLEX**<br>17080 DR. MARTIN LUTHER KING JR. BLY. |
| **JHS 80/PS 280 MOSULO PKY.**<br>149 E. MOSHOLU PKY. | **OLD IS 158**<br>800 HOME ST. | **OLD IS/HS 362**<br>921 E. 163 ST. |
| **PS 102 JOSEPH O. LORETAN**<br>1827 ARCHER ST. | **PS 211**<br>1919 PROSPECT AVE. | **BRONX SCHOOL FOR LAW, GOVT. & JUSTICE**<br>244 E. 163 ST. |
| **PS 132 GARRET A. MORGAN**<br>1245 WASHINGTON AVE. | **PS/IS 218 HERNANDEZ DUAL LANGUAGE M.**<br>1220 GERARD AVE. | **JANE ADAMS HS**<br>900 TINTON AVE. |

### MANHATTAN

| | | |
|---|---|---|
| **PS 48 P.O. MICHAEL J. BUCZEK**<br>4360-78 BROADWAY | **PS/IS 210 21ST CENTURY ACADEMY**<br>1501-503 W. 152 ST. | **MIDTOWN EAST CAMPUS**<br>233 E 56 ST. |
| **OLD IS 88**<br>215 W. 114TH ST. | **MS 131**<br>100 HESTER ST. | **OLD MARTIN LUTHER KING HS**<br>122 AMSTERDAM AVE. |
| **OLD IS 90**<br>21 JUMEL PLACE | **OLD BRANDEIS HS**<br>145 W. 84 ST. | |
| **PS 92 MARY MCLEOD BETHUNE**<br>222 W. 134 ST. | **JACQUELINE ONASSIS HS**<br>120 W. 46 ST. | |

### QUEENS

| | | |
|---|---|---|
| **IS 25 ADRIEN BLOCK**<br>35-65 192 ST. | **JHS 185 EDWARD BLEEKER**<br>147-26 25 DRIVE | **TOWNSEND HARRIS HS**<br>149-11 MELBOURNE AVE. |
| **PS 58 SCHOOL OF HEROES**<br>72-24 GRAND AVE. | **JHS 190 RUSSELL SAGE**<br>68-17 AUSTIN ST. | **QUEENS HS OF TEACHING**<br>74-20 COMMONWEALTH BLVD. |
| **PS 69 JACKSON HEIGHTS**<br>77-02 37 AVE. | **PS 239**<br>17-15 WEIRFIELD ST. | **FRANK SINATRA HS**<br>35-12 35TH ST. |
| **JHS 74 NATHANIEL HAWTHORNE**<br>61-15 OCEANIA ST. | **PS 307 PIONEER ACADEMY**<br>140-20 100 ST. | **AVIATION CTE HS**<br>45-30 36 ST. |
| **PS 100 GLEN MORRIS**<br>111-11 118 ST. | **PS/IS 268**<br>92-07 175 ST. | |
| **PS 153 MASPETH**<br>60-02 60 LANE | **HILLCREST HS**<br>160-05 HIGHLAND AVE. | |

### BROOKLYN

| | | |
|---|---|---|
| **PS 6**<br>43 SNYDER AVE. | **PS 226 ALFRED DE B. MASON**<br>6006 23 AVE. | **IS 30 MARY WHITE OVINGTON**<br>7002 4 AVE. |
| **PS 7M ABRAHAM LINCOLN**<br>858 JAMAICA AVE. | **LEADERSHIP PREP BED-STUY CHARTER SCHOOL**<br>141 MACON ST. | **JHS 383 PHILIPPA SCHUYLER**<br>1300 GREENE AVE. |
| **PS 12 PEEKS-DAVIS**<br>430 HOWARD AVE. | **JHS 259 WILLIAM MCKINLEY**<br>7305 FT. HAMILTON PKY. | **PS 130 THE PARKSIDE ANNEX**<br>713 CATON AVE. |
| **PS 24**<br>427 38 ST. | **PS 289 GEORGE V. BROWER**<br>900 ST. MARKS AVE. | **JOHN JAY EDUCATIONAL CAMPUS**<br>237 7 AVE. |
| **PS 26 JESSE OWENS**<br>1014 LAFAYETTE AVE. | **ADAMS ST. EDUCATIONAL CAMPUS**<br>283 ADAMS ST. | **MEDGAR EVERS COLLEGE PREP**<br>1186 CARROLL ST. |
| **OLD IS 55**<br>2021 BERGEN ST. | **OLD IS 324**<br>800 GATES AVE. | |

### STATEN ISLAND

| | | |
|---|---|---|
| **JEROME PARKER CAMPUS**<br>100 ESSEX DR. | **PS 56 LOUIS DESARIO**<br>250 KRAMER AVE. | **MICHAEL J. PETRIDES**<br>715 OCEAN TERRACE |
| **IS 51 EDWIN MARKHAM**<br>20 HOUSTON ST. | **CURTIS HS**<br>105 HAMILTON AVE. | |

♿ হুইলচেয়ার প্রবেশযোগ্য ইভ্যাকুয়েশন সেন্টার

## হারিকেন ইভ্যাকুয়েশন জোন

যখন কোনো উপকূলীয় ঝড় এগিয়ে আসতে থাকে, তখন ঝড়ের ঢেউয়ের কারণে বন্যার ঝুঁকিতে থাকা এলাকাগুলি থেকে লোকজনকে নিরাপদ আশ্রয়ে চলে যাওয়ার জন্য সিটি নির্দেশ দিতে পারে, এটা জোন 1 থেকে শুরু হয় এবং প্রয়োজন অনুযায়ী আরও জোন যোগ করা হয়।

হারিকেনের শক্তি, গতিপথ, ও ঝড়ের ঢেউয়ের পূর্বাভাস থেকে জীবনের নিরাপত্তার আশঙ্কার ভিত্তিতে জোনগুলি থেকে লোকজনকে সরিয়ে নেয়া হবে।

আপনি কোনো হারিকেন ইভ্যাকুয়েশন জোনে বসবাস করেন কিনা তা জানতে সংযুক্ত ম্যাপটি দেখুন, **NYC.GOV/KNOWYOURZONE** ঠিকানায় ভিজিট করুন, অথবা **ফোন করুন 311**-এ।

